

অশালীন আচরণের অপরাধে রাবি শিক্ষককে অব্যাহতি

রাবি প্রতিনিধি

২৩ অক্টোবর ২০২৩, ০৭:৩৬ পিএম



রাবি

সহকর্মীর সঙ্গে অশালীন আচরণের অপরাধে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক এনামুল হককে দুই বছরের জন্য একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়ের ৫২৫তম সিন্ডিকেটে এ সিদ্ধান্ত গৃহীত হয়।

নাম প্রকাশে অনিচ্ছুক এক সিন্ডিকেট সদস্য জানান, অশালীন আচরণের অপরাধে তার বিরুদ্ধে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি শাস্তি চলাকালে ক্লাস-পরীক্ষা ও প্রশাসনিক দায়িত্ব

পালন করতে পারবেন না।

প্রসঙ্গত, গত ২১ মে মনোবিজ্ঞান বিভাগের সভাপতির কক্ষে বিভাগীয় সভা চলাকালে বিভাগের সভাপতি অধ্যাপক মাহবুবা কানিজ্জ কেয়ার সঙ্গে অধ্যাপক এনামুল হকের বাগবিতণ্ডা হয়। তার সঙ্গে অশালীন অঙ্গভঙ্গি প্রদর্শন করা হয়েছে বলে অভিযোগ তোলেন এবং উপাচার্য বরাবর লিখিত অভিযোগ দেন সভাপতি। কিন্তু অভিযোগ মিথ্যা দাবি করে পাল্টা অভিযোগ দেন অধ্যাপক এনামুল। এর পরিপ্রেক্ষিতে তদন্ত কমিটি করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সেই কমিটির সুপারিশক্রমে এ সিদ্ধান্ত নিয়েছে সিন্ডিকেট। এই সভায় বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক গোলাম সাব্বির সাত্তার সভাপতিত্ব করেন।

অধ্যাপক এনামুল হক বিশ্ববিদ্যালয়ের জিয়া পরিষদের সভাপতি। এর আগে তিনি জাতীয়তাবাদী শিক্ষক ফোরামের আহ্বায়ক ছিলেন।

এ ঘটনায় অধ্যাপক এনামুল হক বলেন, ‘ভিন্ন মতাদর্শের হওয়ায় আমাকে রাজনৈতিকভাবে হেয় করতেই এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে।’